

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।  
[মুসক আইন ও বিধি শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.১৮.০০৯.১৮/ ১২৯ (৮)

তারিখঃ ২০ কার্তিক, ১৪২৫ বঙ্গাব্দ।  
০৪ নভেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ।


বিষয়ঃ সাধারণ আদেশ নং- ১০/মুসক/২০১৮, তারিখঃ ১৯ জুলাই, ২০১৮ খ্রিস্টাব্দ এর আওতায় সমুদ্রগামী জাহাজ “M.V. BANGLAR AGRAJATRA” শুল্কায়নের জন্য অনাপত্তি প্রদান।

- সূত্রঃ (১) বাংলাদেশ শিপিং কর্পোরেশন এর পত্র নং- ১৮.১৬.০০০০.৩৮১.০০.১০০.১৮-১৭৫৭, তারিখঃ ৩০ জুলাই, ২০১৮ খ্রিস্টাব্দ।  
(২) নৌ-পরিবহন মন্ত্রণালয় এর পত্র নং- ১৮.০০১.০১৪.০২০.০৩.২০১৪(অংশ-৫)-২৬৭, তারিখঃ ২০ আগস্ট, ২০১৮ খ্রিস্টাব্দ।  
(৩) বাংলাদেশ শিপিং কর্পোরেশন এর পত্র নং- ১৮.১৬.০০০০.৩৬২.০৭.০০২.১৮-২১৬৫, তারিখঃ ০৩ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ।  
(৪) জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-১০/মুসক/২০১৮, তারিখঃ ১৯ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিপিং কর্পোরেশন হতে প্রাপ্ত সূত্রীয় (১) ও (৩) নং পত্রের মাধ্যমে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ১০/মুসক/২০১৮, তারিখঃ ১৯ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ এর আওতায় সমুদ্রগামী জাহাজ আমদানির ক্ষেত্রে আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদানের অনুমোদনের জন্য অনুরোধ জানিয়েছেন।

০২। সূত্রোক্ত (১) ও (৩) নং পত্রের মাধ্যমে বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম এর আবেদনের পরিপ্রেক্ষিতে সূত্রোক্ত (৪) নং এ বর্ণিত আদেশে বিধৃত শর্তাবলীর দফা (চ) অনুযায়ী আমদানিতব্য “M.V. BANGLAR AGRAJATRA” (IMO No- 9793856) নামীয় জাহাজটির (Oil Tanker) ধারণ ক্ষমতা DWT-39000 MT ও LWT-9900 MT, তৈরীর দেশ- Jiangsu New Yangzi Shipbuilding Co. Ltd., China. তৈরীর সন: ২০১৮ উল্লেখপূর্বক উক্ত আদেশের শর্তাবলীর দফা (ক) হতে (ঙ) পর্যন্ত প্রতিপালন করবেন মর্মে ৩০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করেছেন। দলিলাদি পর্যালোচনায় দেখা যায়, আমদানীতব্য জাহাজটি ২২ বছরের অধিক পুরাতন নয় এবং ৫০০০ DWT এর উর্ধ্বে যা আদেশের শর্তাবলীর সাথে সামঞ্জস্যপূর্ণ।

০৩। এমতাবস্থায়, জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং- ১০/মুসক/২০১৮, তারিখঃ ১৯ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ এর আওতায় সমুদ্রগামী জাহাজ “M.V. BANGLAR AGRAJATRA” (IMO No- 9793856) আমদানির ক্ষেত্রে আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হতে অব্যাহতির বিধান কার্যকর করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের অনাপত্তি জ্ঞাপন করা হলো।

  
০৪.১১.১৮

[ হাছান মুহম্মদ তারেক রিকাবদার ]  
প্রথম সচিব (মুসক নীতি)

প্রাপকঃ

সচিব  
বাংলাদেশ শিপিং কর্পোরেশন  
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম-৪১০০।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১-৬। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি, কমলাপুর/মংলা/বেনাপোল/পানগাঁও।  
৭। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।  
৮। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।  
৯। মহা-পরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
১০। প্রথম সচিব (শুল্ক: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।  
১১। প্রথম সচিব (মুসক-বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।  
১২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

  
মোঃ তারেক হাসান

দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)